

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
পরিকল্পনা মন্ত্রণালয়  
প্রশাসন-১ অধিশাখা  
[www.sid.gov.bd](http://www.sid.gov.bd)

নং- ৫২.০০.০০০০.০০৫.৯৯.৬৫৬.১২-২৯৪

তারিখঃ ২৬ আষাঢ় ১৪২৪  
১০ জুলাই ২০১৭

প্রাপক: প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ জনাব মোহাম্মাদ আরিফুল ইসলাম, উপপরিচালক-এর অনুকূলে আগামী ০১/০৮/২০১৭ হতে ০৩/১০/২০১৯ পর্যন্ত সময়ে Japan Government-এর অর্থায়নে Master of Arts in Economics প্রোগ্রামে অংশগ্রহণের জন্য প্রেষণে ০২ (দুই) বছরের অধ্যয়ন ছুটি (Study Leave) বহিঃবাংলাদেশ মঞ্জুর।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সেন্সাস উইং-এর উপপরিচালক জনাব মোহাম্মাদ আরিফুল ইসলাম-এর অনুকূলে Japan Government-এর অর্থায়নে Master of Arts in Economics প্রোগ্রামে অংশগ্রহণের নিমিত্ত আগামী ০১/০৮/২০১৭ হতে ০৩/১০/২০১৯ পর্যন্ত সময় অথবা কোর্স সম্পন্ন করা পর্যন্ত উচ্চশিক্ষা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/০৮/১৯৯২ তারিখের সম(বি:প্র:)-৮/৯২-৫১৮(৫০০) নং আদেশে উল্লেখিত মুচলেকায় বর্ণিত নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে প্রেষণে ০২ (দুই) বছরের অধ্যয়ন ছুটি (Study Leave) বহিঃবাংলাদেশ মঞ্জুর করা হলো:


শর্তাবলী:

- (০১) তিনি উপরোক্ত কোর্স নির্ধারিত মেয়াদের মধ্যে কৃতকার্যতার সাথে সুসম্পন্ন করবেন;
- (০২) কোর্স সম্পন্ন হওয়ার পূর্বে বাংলাদেশ সরকার অন্যরূপ নির্দেশ প্রদান না করলে কোর্সের মেয়াদ শেষ হওয়ার অব্যবহিত পরেই তিনি দেশে ফিরে আসবেন;
- (০৩) পূর্বাঙ্কে মঞ্জুরকৃত বৈদেশিক ছুটি থাকলে কোর্স শেষ হওয়ার পরে সর্বোচ্চ ৩(তিন) মাস তিনি বিদেশে অবস্থান করতে পারবেন;
- (০৪) তিনি বাংলাদেশ সরকারের নির্দেশ অথবা পূর্বানুমোদিত বৈদেশিক ছুটি ব্যতীত কোর্সের মেয়াদ শেষে বিদেশে অবস্থান করলে তা অবৈধ অনুপস্থিতি হিসেবে গণ্য হবে। এভাবে অবৈধ অনুপস্থিতির সময়কে সরাসরি বিনা বেতনে ছুটি হিসেবে গণ্য করা হবে এবং এ ক্ষেত্রে সরকারী চাকরী বিধি অথবা লীভ রুলস প্রযোজ্য হবে না;
- (০৫) তিনি কোন অবস্থাতেই কোর্সের মেয়াদ বৃদ্ধি অথবা কোর্স পরিবর্তন করার জন্য আবেদন করবেন না;
- (০৬) প্রশিক্ষণ/শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক কোর্সের সাথে সম্পৃক্ত যে কোন কাজ করতে তিনি দ্বিধা করবেন না এবং বিদেশে অবস্থানকালে বাংলাদেশী নাগরিক হিসেবে তিনি মান ও মর্যাদার হানি হয় এ রকম আচরণ করবেন না;
- (০৭) বিদেশে অবস্থানকালে তিনি কোন ঋণ গ্রহণ করবেন না এবং বিদেশ হতে আসার পূর্বে সকল বকেয়া বিল পরিশোধ করবেন;
- (০৮) বিদেশে পৌঁছার সাথে সাথে তিনি তাঁর পৌঁছানোর সংবাদসহ স্থানীয় ঠিকানা সম্পর্কে সেই দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসকে অবহিত করবেন;
- (০৯) অধ্যয়ন ছুটিকালীন সময়ে তিনি দেশীয় মুদ্রায় বেতন-ভাতাদি প্রাপ্য হবেন;
- (১০) কোর্সটি সমাপ্তির পর তাঁর লক্ষ্যজন সংক্রান্ত একটি প্রতিবেদন এ মন্ত্রণালয়ে জমা প্রদান করবেন।

স্বাঃ/-  
মোল্লা মিজানুর রহমান  
উপসচিব  
☎ ৮১৮১৩৬২

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
- ০৫। মান্যবর রাষ্ট্রদূত, জাপানে অবস্থিত বাংলাদেশী দূতাবাস।
- ০৬। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশে অবস্থিত জাপানের দূতাবাস, ঢাকা, বাংলাদেশ।
- ০৭। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৮। জনাব মোহাম্মাদ আরিফুল ইসলাম, উপপরিচালক, সেক্সাস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ০৯। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল (রহঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১০। সহকারী প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। অফিস কপি।

  
মোলা মিজানুর রহমান  
উপসচিব